



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি - ১)

ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পাইন উদ্বোধনে মেয়র

চসিকের স্বাস্থ্য খাতের লুপ্ত

সু নাম পুনঃরুদ্ধার করা হবে

চট্টগ্রাম-৫ জুন'২০২১খ্রিঃ.

আজ থেকে শুরু হলো দুই সপ্তাহব্যাপী জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পাইন কর্মসূচী। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী সদরঘাটস্থ মেমন মাতৃসদন হাসপাতালে শিশুদের 'এ' প্লাস ক্যাপসুল খাওয়ানোর মধ্যে দিয়ে আজ সকালে এই কর্মসূচীর উদ্বোধন করেন। তিনি বলেন, মহানগরীর ৪১টি ওয়ার্ডের ১ হাজার ২শত ৮৮টি কেন্দ্রে সব মিলিয়ে ৫ লক্ষ ১০ হাজার ৩১ জন শিশুকে এই ক্যাপসুল খাওয়ানো হবে। এর মধ্যে ৬ থেকে ১১ মাস বয়সী শিশুর সংখ্যা ৭৯ হাজার ৭শত ৬১ জন এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী শিশুর সংখ্যা ৪ লক্ষ ৩০ হাজার ২শত ৭০ জন। উদ্বোধন শেষে সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগের কর্মরত চিকিৎসক, কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে মেমন মাতৃসদন হাসপাতালের সম্মেলন কক্ষে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরীর সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে বলেন, সাবেক মেয়র আলহাজ্ব এ.বি.এম মহিউদ্দিন চৌধুরী সিটি কর্পোরেশনের চিকিৎসা সেবা খাতকে নগরবাসীর দ্বারপ্রান্তে পৌঁছে দিয়েছিলেন। স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানগুলোকে উচ্চমান সম্পন্ন করেছিলেন। এসব সেবা কেন্দ্রে উপকার ভোগীদের চাপ ছিল কিন্তু সেবা খাতের সেই সু নাম এখন আর নেই। তাই আমার প্রধান কর্তব্যকর্ম হচ্ছে চসিকের স্বাস্থ্য খাতের লুপ্ত সু নাম পুনঃরুদ্ধার করা। চিকিৎসকেরা তাদের দায়িত্ব-কর্তব্য নিষ্ঠার সাথে পালন করলে তাদের সমস্যাগুলো সুবিবেচনায় নেয়া হবে বলে তিনি জানান। তিনি দীর্ঘদিনের ঘাটতি লিফট এর ব্যবস্থা করা হলেও জেনারেটর সহ অন্যান্য চাহিদাও পূরণ করা হবে বলে আশ্বাস প্রদান করেন।

মেয়র আরো বলেন, চিকিৎসা সেবার ক্ষেত্রে বাণিজ্যিক ও ব্যবসায়িক গুরুত্বের চেয়ে মানবিক দিকটি অধিকতর গুরুত্বপূর্ণ। তাই এই বিষয়টি স্বাস্থ্য প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্টদের মাথায় রাখতে হবে। তিনি চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের উদ্দেশ্যে বলেন, করোনা মোকাবেলায় প্রথম চেউয়ে জীবনের ঝুঁকি নিয়ে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা সম্মুখ যোদ্ধার ভূমিকা পালন করেছেন, অনেকে প্রাণও বিসর্জন দিয়েছেন। এই ভূমিকা দ্বিতীয় চেউ মোকাবেলায়ও পালন করতে আহ্বান জানান।

এ সময় আরো বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াসউদ্দীন, কাউন্সিলর আবদুস সালাম মাসুম, আতাউল্লাহ চৌধুরী, সংরক্ষিত কাউন্সিলর নীলু নাগ, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী বুলন কান্তি দাশ, ডা. মোহাম্মদ আলী, ডা. শাহীন পারভীন, নির্বাহী প্রকৌশলী ফরহাদুল আলম, রেজাউল বারী, মীর্জা ফজলুল কাদের, ডা. রুবেল প্রমুখ।

শিক্ষা ব্যবস্থার উন্নয়ন করা গেলে

জাতি উন্নয়ন ও সমবৃদ্ধি করা সম্ভব : মেয়র

চট্টগ্রাম-৫ জুন'২০২১খিঃ.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, শিক্ষা জাতির মেরুদণ্ড। শিক্ষা ব্যবস্থার উন্নয়ন করা গেলে জাতি উন্নয়ন ও সমবৃদ্ধি করা সম্ভব। এ কারণে তখনকার দিনে মহৎ ব্যক্তির অন্য সেবার চাইতে শিক্ষা প্রতিষ্ঠান গড়ার ব্যাপারে মনোযোগী ছিলেন। তিনি আজ শনিবার চাদগাঁওস্থ টেক পাড়ায় হাজী ফুল মিয়া কর্তৃক প্রায় ৪৮ শতক জায়গায় বিদ্যালয় প্রতিষ্ঠার জন্য দান করার আশ্রয় প্রকাশ করলে সে জায়গা পরিদর্শন করতে গিয়ে এ কথা বলেন।

৫নং মোহরা ওয়ার্ড কাউন্সিলর মো. কাজী নুরুল আমীন, ৪ নং চাদগাঁও ওয়ার্ড কাউন্সিলর এসরারুল হক, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, হাজী ফুল মিয়ার বড় ছেলে ইঞ্জিনিয়ার রফিকুল ইসলাম সহ এলাকার গণ্যমান্য ব্যক্তির উপস্থিতি ছিলেন।

মেয়র বলেন, বিদ্যালয় প্রতিষ্ঠা করার জন্য ভূমিদান করতে আশ্রয়ী ফুল মিয়ার জায়গাটি পরিদর্শন করলাম। নাল জমির উপর বিদ্যালয় স্থাপনের অবকাঠামো নির্মাণ বিশাল অর্থ ব্যয়ের ব্যাপার। এলাকার মানুষ শিক্ষা প্রতিষ্ঠান করার এ মহৎ উদ্দেশ্যে এগিয়ে আসলে এ কাজ দ্রুত বাস্তবায়ন করা সম্ভব বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

সংবাদদাতা

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন,

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩